গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি তিতুমীর কলেজ, ঢাকা।
www.titumircollege.gov.bd
titumircollegemail@gmail.com

স্মারক নং: সতিক/ তারিখ: ১৪-০৯-২০২৫ খ্রি.

অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২৪ এর ফরমপূরণের বিজ্ঞপ্তি :

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরমপূরণ নিম্নবর্ণিত তারিখে সম্পন্ন করা হবে।

বিষয়	পরীক্ষার ফি	বিষয়	পরীক্ষার ফি	তারিখ
বাংলা, ইসলামের ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান	৩৬৮২.০০	রসায়ন	৪৪৪২.০০	১৪/০৯/২০২৫ হতে ২০/০৯/২০২৫ তারিখের মধ্যে অনলাইন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে এবং ২১/০৯/২০২৫ তারিখের মধ্যে অনলাইনে ফি জমাসহ আবেদন ফরম কলেজে জমা দিতে হবে
ইংরেজি, ইতিহাস, ইসলামী শিক্ষা, অর্থনীতি	৩৮৮২.০০	উদ্ভিদবিজ্ঞান	৪৩৪২.০০	
সমাজবিজ্ঞান	৪০২২.০০	প্রাণিবিদ্যা	৪০৮৭.০০	
সমাজকর্ম	৩৯৮২.০০	গণিত	৪২৮৭.০০	
মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, হিসাববিজ্ঞান	৩৯৩২.০০	ভূগোল ও পরিবেশ	৪২১৭.০০	
ব্যবস্থাপনা	৩৭৩২.০০	পরিসংখ্যান	৪৫৫২.০০	
পদার্থবিদ্যা	৩৮৮৭.০০	মনোবিজ্ঞান	৩৬৮২.০০	
১ (এক) পত্র মানোন্নয়ন পরীক্ষার জন্য পূর্ণপত্র-১৬৫৭/- ও অর্ধপত্র-১৫৯৭/-				

বি.দ্র: মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে ০১ (এক) পত্রের অধিক প্রতিপত্রের জন্য অতিরিক্ত পূর্ণ পত্রের জন্য ২০০/- ও অর্ধপত্রের জন্য ১৪০/-হারে যোগ করে ফি জমা দিতে হবে। ব্যবহারিক পরীক্ষার ফি এক দিনের জন্য ১৩০/- হারে ও একাধিক দিনের ক্ষেত্রে প্রতিদিনের জন্য অতিরিক্ত ৭৫/- হারে যোগ করে এবং মৌখিক পরীক্ষার ফি ৭৫/- এছাড়াও মাঠকর্ম-১০০০/-, প্রজেক্ট ফি-২০০/- স্ব-স্ব বিভাগে প্রদান করতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:-

- **নিয়মিত পরীক্ষার্থী:** ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীগণ যারা ২০২৩ সনের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। এছাড়াও ২০২৩ সনের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় নূন্যতম জিপিএ ২.০০ না পেয়ে অকৃতকার্য হয়েছে তাদের মধ্যে যাদের সর্বোচ্চ ৩টি পত্রে 'F' গ্রেড/অনুপস্থিত রয়েছে তারাও আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- **অনিয়মিত পরীক্ষার্থী:** ২০২১, ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা যারা ২০২২, ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে (সকল পত্রে) অংশগ্রহণ করতে পারবে।
- **মানোন্নয়ন পরীক্ষার্থী:**
  - ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যারা কৃতকার্য (Pass) হয়েছে তারা সংশ্লিষ্ট অনুষদের নিয়ম অনুযায়ী মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
  - ২০২২ ও ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যাদের ফলাফল অসম্পূর্ণ (Incomplete) অর্থাৎ কোনো পত্রে 'F' গ্রেড/অনুপস্থিত রয়েছে তারা সংশ্লিষ্ট অনুষদের নিয়ম অনুযায়ী মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে ২০২২ সনের ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণকারী কোনো শিক্ষার্থী যদি ২০২৩ সনের ৪র্থ বর্ষ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে থাকে তাহলে উক্ত পরীক্ষার্থী শুধুমাত্র 'F' গ্রেড/অনুপস্থিত কোর্স ব্যতিত অন্য কোনো কোর্সে অংশগ্রহণ করতে পারবে না।
  - ২০২২ ও ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় যাদের ফলাফল অকৃতকার্য (Failed) তারা শুধুমাত্র অকৃতকার্য পত্র/পত্রসমূহে মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোনো শিক্ষার্থী যদি চায় পুন:ভর্তি হয়ে সকল পত্রে অংশগ্রহণ করতে পারবে।
  - ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের মেয়াদ শেষ হওয়ায় ২৫০০/- টাকা জরিমানা প্রদান সাপেক্ষে আলোচ্য পরীক্ষায় শুধুমাত্র 'F' গ্রেড/অনুপস্থিত কোর্সে অংশগ্রহণ করতে পারবে।

পরীক্ষার ফরম পূরণের ধাপসমূহ ও নির্দেশনা:-

- রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://dua7c.com/) এ বিস্তারিত তথ্য সঠিকভাবে পূরণপূর্বক আবেদন ফরম সংগ্রহ করে যাচাই-বাছাই এর জন্য সংশ্লিষ্ট বিভাগে জমা দিয়ে **কলেজিয়েট/নন-কলেজিয়েট** নির্ধারণপূর্বক বিভাগীয় প্রধানের স্বাক্ষর এবং **সিল প্রদান করে** পরীক্ষার ফি জমা দিতে হবে। নিয়মিত, অনিয়মিত পরীক্ষার্থীরা ৩য় বর্ষের ও মানোন্নয়ন পরীক্ষার্থীরা ৪র্থ বর্ষের ফলাফলের কপি জমা দিতে হবে।
- নিয়মিত ও অনিয়মিতদের ৪র্থ বর্ষে ভর্তির ফি ৪র্থ বর্ষে ফরমপূরণের ফি'র সাথে জমা দিতে হবে।
- নিম্নোক্ত অনলাইন প্রক্রিয়ায় টাকা জমা দিয়ে আবেদন ফরমের সাথে পে-স্লিপ ও **নন-কলেজিয়েট** (প্রযোজ্য ক্ষেত্রে) ফি'সহ ছুটির দিন ব্যতিত সকাল ৯.০০টা হতে বেলা ২.০০টার মধ্যে প্রশাসনিক কাম-একাডেমিক ভবনের দোতলায় হিসাব শাখার ১নং ও ২নং ক্যাশ কাউন্টারে **অনিয়মিত, নন-কলেজিয়েট ও মানোন্নয়ন** শিক্ষার্থীদের ফরম জমা দিবে এবং **নিয়মিত শিক্ষার্থীদের ফরম স্ব স্ব বিভাগে** জমা দিতে হবে।

অনলাইনে পরীক্ষার ফি জমা প্রদানের প্রক্রিয়া:-

- সরকারি তিতুমীর কলেজের ওয়েবসাইট https://www.titumircollege.gov.bd/ এ প্রবেশ করে EMS থেকে Hon's অপশনের Apply Now ক্লিক করে রেজিস্ট্রেশন নম্বর ও প্রয়োজনীয় তথ্য দিয়ে মোবাইল ব্যাংকিং বিকাশ/নগদ/উপায়/ডিবিবিএল/সোনালী পেমেন্ট গেটওয়ের যে কোন একটি দিয়ে পেমেন্ট সম্পন্ন করবে। টাকা জমা দেয়ার অনলাইন কপি নিজে সংরক্ষণ করবে। **তাছাড়া অবশ্যই সতর্কতার সাথে এবং রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে পেমেন্ট করতে হবে।**

১৪/৯/২৫
অধ্যক্ষ
সরকারি তিতুমীর কলেজ, ঢাকা
প্রফেসর ড. ছদরুদ্দীন আহমদ (৭৬৪০)
অধ্যক্ষ
সরকারি তিতুমীর কলেজ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি তিতুমীর কলেজ, ঢাকা।
www.titumircollege.gov.bd
titumircollegemail@gmail.com

তারিখ: ১৪-০৯-২০২৫খ্রি.

অনার্স ৪র্থ বর্ষ ভর্তি বিজ্ঞপ্তি

সরকারি তিতুমীর কলেজে ২০২৩ সনের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ (২০২০-২০২১ শিক্ষাবর্ষের) নিয়মিত এবং (২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের) অনিয়মিত শিক্ষার্থীদের নিম্নেবর্ণিত তারিখের মধ্যে নিম্নোক্ত অনলাইন প্রক্রিয়ায় বেতন ও সেশন চার্জ জমা দিয়ে অনার্স ৪র্থ বর্ষে ভর্তি হওয়ার জন্য বলা হ'ল।

নং	অনার্স বিষয়সমূহ	টাকার পরিমাণ	জমাদানের তারিখ
০১	বাংলা, দর্শন, ইস: ইতিহাস	৪১১২.০০	১৪/০৯/২০২৫ থেকে ১৮/০৯/২০২৫ পর্যন্ত
০২	ইংরেজি, ইতিহাস, ইসলামী শিক্ষা	৪১৭২.০০	
০৩	রাষ্ট্রবিজ্ঞান	৪১১২.০০	
০৪	সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি	৪১৭২.০০	
০৫	মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, হিসাববিজ্ঞান	৪১১২.০০	
০৬	ব্যবস্থাপনা	৪০৫২.০০	
০৭	পদার্থবিদ্যা, ভুগোল	৪১৫২.০০	
০৮	রসায়ন	৪২৮২.০০	
০৯	উদ্ভিদবিজ্ঞান, মনোবিজ্ঞান	৪২১২.০০	
১০	পরিসংখ্যান	৪১৯২.০০	
১১	গনিত	৪২৭২.০০	

অনলাইনে সেশন চার্জ প্রদানের প্রক্রিয়াঃ-

বি.দ্র. অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২৪ এর ফরমপূরণের ফি'র সাথে ভর্তির ফি জমা দিতে পারবে।

১৪/৯/২৫
অধ্যক্ষ
সরকারি তিতুমীর কলেজ
ঢাকা।
প্রফেসর ড. ছদরুদ্দীন আহমদ (৭৬৪০)
অধ্যক্ষ
সরকারি তিতুমীর কলেজ, ঢাকা

বিতরণ:

১. উপাধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ;
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি তিতুমীর কলেজ;
৩. সকল বিভাগীয় প্রধান, সরকারি তিতুমীর কলেজ;
৪. আহ্বায়ক, ডিজিটাল ও অটোমেশন কমিটি, সরকারি তিতুমীর কলেজ;
৫. নোটিশ বোর্ড, সরকারি তিতুমীর কলেজ;
৬. প্রধান সহকারী/হিসাবরক্ষক, সরকারি তিতুমীর কলেজ;
৭. সংরক্ষিত নথি।